যুগান্তর

তারিখ 08 DEC 2017
পৃষ্ঠা ১৭ কলাম ৬

# ডুয়েটে ভাংচুরের ঘটনায় আট শিক্ষার্থী বহিষ্কার : জরিমানা

**গাজীপুর প্রতিনিধি**

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) ভাংচুরের ঘটনায় আট শিক্ষার্থীকে বহিষ্কার ও জরিমানা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে এ সংক্রান্ত নোটিশ ডুয়েটের নোটিশ বোর্ডে টাঁনানো হয়।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ কামরুজ্জামান জানান, ডুয়েটের পরীক্ষা পেছানোর দাবিতে ৩১ অক্টোবর রাতে ক্যাম্পাসে অফিস ও শিক্ষকদের আবাসিক এলাকায় ভাংচুর চালানো হয়। ওই ঘটনা তদন্তে ডুয়েটের ডিন অধ্যাপক আবু নঈম শেখকে প্রধান করে সাত সদস্যের কমিটি গঠন করা হয়। কমিটি তদন্ত শেষে বুধবার তাদের রিপোর্ট পেশ করে। ওই দিনই ডুয়েটের ভিসি প্রফেসর ড. আলাউদ্দিনের সভাপতিত্বে ডুয়েটের বোর্ড অব ডিসিপ্লিনের সভা অনুষ্ঠিত হয়। সভায় অভিযুক্ত আট শিক্ষার্থীকে একাডেমিক কার্যক্রম ও হল থেকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার এবং জরিমানা করা হয়।

সাজাপ্রাপ্তরা হল— ডুয়েটের সিএসই বিভাগের তৃতীয় বর্ষ প্রথম পর্বের রুহুল আমিন, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তৃতীয় বর্ষ প্রথম পর্বের মো. সোলায়মান রাজন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের তৃতীয় বর্ষ প্রথম পর্বের মো. রবিউল ইসলাম, ইলেকট্রিক অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের তৃতীয় বর্ষ প্রথম পর্বের মো. সাদ্দাম হোসেন ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয় বর্ষ প্রথম পর্বের আবদুর রহমান। তাদের প্রত্যেককে তিন বছরের জন্য একাডেমিক কার্যক্রম থেকে বহিষ্কার ও হল থেকে আজীবন বহিষ্কার এবং প্রত্যেককে সাত হাজার টাকা করে জরিমানা করা হয়েছে।

এ ছাড়া সিএসই ডিপার্টমেন্টের দ্বিতীয় বর্ষ প্রথম পর্বের সুমন মিয়া, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয় বর্ষের প্রথম পর্বের তুষার চন্দ্র বর্মণ, ইলেকট্রিক অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয় বর্ষ প্রথম পর্বের হুমায়ুন কবির রাজুকে দুই বছরের জন্য একাডেমিক কার্যক্রম ও হল থেকে আজীবন বহিষ্কার এবং ৫ হাজার টাকা করে জরিমানা করা হয়।